দৈনিক সংবাদ

তারিখ ... SEP. 5 1999
পৃষ্ঠা ৪ কলাম ...

## প্রাথমিক বিদ্যালয়টিতে প্রয়োজনীয় ভবন নির্মাণ ও শিক্ষক নিয়োগ করা হোক

সাতক্ষীরা জেলার দেবহাটা থানায় অবস্থিত উত্তর সখিপুর ১৩নং বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়টিতে একটি-মাত্র শ্রেণীকক্ষে এই বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা পড়াশুনা করছে। উল্লেখ্য, এই প্রাথমিক বিদ্যালয়টিতে দেবহাটা থানার সখিপুর ইউনিয়নের উত্তর সখিপুর, পূর্বপাড়া, ধোপাডাঙ্গা প্রভৃতি গ্রামের প্রায় ৩৮৮ জন ছাত্রছাত্রী অধ্যয়ন করে। কিন্তু এই ৩৮৮ জন ছাত্রছাত্রীর জন্য মাত্র ৪ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োজিত আছেন। অর্থাৎ গড়ে প্রায় প্রতি ৯৭ জন ছাত্রছাত্রীকে শিক্ষাদানের জন্য মাত্র ১ জন করে শিক্ষক-শিক্ষিকা নিয়োজিত রয়েছেন, যা ছাত্রছাত্রীদের পরিপূর্ণভাবে জ্ঞান প্রদানের তুলনায় নিতান্তই অপ্রতুল। তাছাড়া এই প্রাথমিক বিদ্যালয়টিতে পাকা দেয়াল ও টিনের ছাদের তৈরি একটিমাত্র কক্ষে ছাত্রছাত্রীরা সকাল ৮টা থেকে ১০টা পর্যন্ত এবং বেলা ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত এই দুই শিফটে ক্লাস করে থাকে। প্রাথমিক বিদ্যালয়টির অপর একটি কক্ষের কেবলমাত্র দেয়াল নির্মিত হয়েছে। কিন্তু টিনের ছাদ এখনো নির্মিত হয়নি। বিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চালানোর জন্য এই অর্ধনির্মিত কক্ষটির নির্মাণকাজ সম্পন্ন করাসহ কমপক্ষে আরো একটি শ্রেণীকক্ষ, শিক্ষক-শিক্ষিকাদের জন্য অফিসকক্ষ, বাথরুম ও প্রয়োজনীয় আসবাবপত্রের দরকার। এছাড়া বিপুল সংখ্যার এই ছাত্রছাত্রীদের সুষ্ঠু ও পরিপূর্ণভাবে শিক্ষাদানের জন্য বিদ্যালয়টিতে আরো কমপক্ষে দুইজন শিক্ষকের প্রয়োজন। আমরা তাই সঙ্গত কারণেই



সাতক্ষীরা জেলার দেবহাটা থানার উত্তর সখীপুর ১৩ নং রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়টির প্রয়োজনীয় ভবন নির্মাণ, আসবাবপত্র ও শিক্ষক নিয়োগের বিষয়ে থানা শিক্ষা অফিসার, থানা পরিষদ ও শিক্ষা মন্ত্রণালয়সহ যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃঢ় ও সময়োপযোগী পদক্ষেপ কামনা করছি। সর্বোপরি 'সবার জন্য শিক্ষা' কর্মসূচি বাস্তবায়নের প্রস্তাব রাখছি।

মোঃ জাহিদ হোসেন লোটাস
ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয়।